



ইসলামী অ্যাপ সোয়াব

আনোয়ার হোসেন

রমজান মাস শুরু হয়ে গেছে। বিশ্বজুড়ে মুসলমানদের প্রতিদিনের জীবনধারা এক মাসের জন্য আমূল বদলে যাবে। সারাদিন রোজা শেষে করা হবে ইফতার আর ভোররাতে ঘুম থেকে জেগে চলবে সেহরি। এর বাইরে পবিত্র এই মাসে মুসলমানেরা কোরআন-হাদিস পাঠ থেকে শুরু করে অন্যান্য ইবাদতও করে থাকেন বেশি বেশি করে। অ্যাপের দুনিয়াতে ইসলামী অ্যাপের অভাব নেই। ইসলামের নানা বিষয় নিয়ে আছে হাজারো অ্যাপ। তবে রমজান নিয়ে বাংলাদেশী অ্যাপ তেমন একটা নেই বললেই চলে। এ অভাব পূরণে সম্প্রতি বাজারে এসেছে ‘সোয়াব’ নামে ইসলামী অ্যাপ। এই রমজানে একজন ধার্মিক মুসলমান এই অ্যাপের সাহায্যে নিত্যদিনের সব কাজ করতে পারবেন আগের চেয়ে অনেক সহজে। মূলত রমজানে অনেক সাহায্যে এলেও এই অ্যাপটিকে ব্যবহার করা যাবে বছরের অন্যান্য দিনেও। অ্যাপটিতে আছে পবিত্র কোরআন শরিফ, হাদিস, নামাজ, রোজার নিয়মকানুন, সেহরি ও ইফতারের সময়সূচি, তসবিহ গণনা সহ অনেক ফিচার। ইসলামী রিং টোন ও অসাধারণ সব ইসলামী ওয়ালপেপারও পাওয়া যাবে এই অ্যাপে।

**এক নজরে দেখে
নেয়া যাক অ্যাপটির
ফিচারগুলো**

কোরআন তিলাওয়াত

রমজান মাসে সবচেয়ে বেশি পাঠ করা ধর্মীয় গ্রন্থগুলোর একটি হচ্ছে কোরআন শরিফ। বাসা-বাড়ি, মসজিদ, মাদ্রাসা, এমনকি

অনেক সময় চলতি পথেঘাটে, যানবাহনেও অনেককে কোরআন শরিফ পাঠ করতে দেখা যায়। বাড়ি বা মসজিদের বাইরে কোরআন পাঠ করতে হলে সাথে একটি কোরআন শরিফ রাখতে হয়। সেটা সব সময় সম্ভব নাও হতে পারে। এই সমস্যার সমাধান করতে সোয়াব অ্যাপটি রাখা হয়েছে পুরো ৩০ পারার একটি কোরআন শরিফ। শুধু কি তাই। বলা হয়ে থাকে, না বুঝে কোরআন পড়ার চেয়ে বুঝে পড়ায় সওয়াব বেশি। আর তাই অ্যাপটিতে কোরআনের বাংলা অনুবাদও রাখা হয়েছে। ফলে ব্যবহারকারী বাংলাসহ বুঝে কোরআন পড়তে পারবেন।

**নামাজ ও
দোয়া**

রমজান মাসে মুসলমানেরা নামাজ আদায়ের প্রতি অধিক যত্নশীল হন। তাই নামাজের সঠিক নিয়মকানুন শিখে নেয়ার খুবই ভালো সুযোগ এই সময়টি। এখন নামাজ শেখার জন্য ‘নামাজ শিক্ষা’ নামে অনেক বই পাওয়া যায় বাজারে। সেগুলো দিয়ে শুরু করা যায় নামাজ শেখা। আবার এই অ্যাপের সাহায্য নিয়েও শিখে নেয়া যাবে নামাজের নিয়মকানুন। পাঁচ ওয়াজ নামাজ ছাড়াও অন্যান্য নামাজের নিয়মকানুনও পাওয়া যাবে অ্যাপটিতে। নামাজের নিয়মকানুনের সাথে আরও আছে

দরকারি সব দোয়ার সংগ্রহ, যেগুলো পাঠের মাধ্যমে অনেক সওয়াব অর্জন করা যাবে।

সেহরি ও ইফতার অ্যালার্ম

একটু বেশি রাত করে ঘুমানোর কারণে অনেক সময় সেহরির সময় ঘুম থেকে উঠতে সমস্যা হয়। সে ক্ষেত্রে অ্যালার্ম দিয়ে রাখা একটি সমাধান। অ্যাপটিতে আছে সেহরির পাশাপাশি ইফতারেরও অ্যালার্ম দিয়ে রাখার ব্যবস্থা। যেন সেহরি ও ইফতারের সঠিক সময়ে সেহরি ও ইফতার শুরু এবং শেষ করা যায়।

**সেহরি ও
ইফতার
সময়সূচি**

অ্যাপে পুরো রমজান মাসের সেহরি ও ইফতারের সময়সূচি আছে।

**তারাবির
নামাজ**

রমজানের অন্যতম গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হচ্ছে তারাবির নামাজ। পুরো রমজান মাসে অ্যাপ থেকে জানা যাবে কীভাবে তারাবির নামাজ পড়তে হবে, সেই নিয়মকানুন। তা ছাড়াও আছে সংশ্লিষ্ট বিভিন্ন দোয়া।

কেবলা কম্পাস

নিজ বাসা, এলাকা বা পরিচিত অঞ্চল থেকে দূরে কোথাও গেলে প্রায়ই দেখা যায় দিক নির্ণয় করা কঠিন হয়ে পড়ে। আর নির্ধারণ

ঠিক না থাকলে নামাজ আদায় করাও সম্ভব হয় না। কেবলা ঠিক করার জন্য অ্যাপে আছে কেবলা কম্পাস। এর সাহায্যে পশ্চিম দিক নির্ণয় করে সঠিক কেবলামুখি হয়ে নামাজ আদায় করা যাবে।

দোয়া

এমন অনেক দোয়া আছে যেগুলোর ফজিলত ও গুরুত্ব ধর্মপ্রাণ মুসলমানদের কাছে অনেক। অ্যাপে আছে গুরুত্বপূর্ণ এমন সব দোয়ার এক বড় সংগ্রহ। দোয়াগুলো আছে বাংলার পাশাপাশি ইংরেজি ভাষানে। এতে করে ব্যবহারকারী তার সুবিধামতো ভাষায় দোয়া পড়তে পারেন।

তসবিহ

অনেক মুসলমানকেই পথেঘাটে বা যানবাহনে তসবিহ গুনতে দেখা যায়, বিশেষ করে রমজানে এটি বেশি করে চোখে পড়ে। কিন্তু সব সময় সাথে তসবিহ রাখা সম্ভব নাও হতে পারে। সে ক্ষেত্রে অ্যাপটিতে থাকা ডিজিটাল তসবিহ হতে পারে ভালো সমাধান। এটি দিয়ে যেকোনো সময় যেকোনো জায়গায় তসবিহ জপ করা যাবে।

ওয়ালপেপার

পবিত্র মাস রমজানে স্মার্টফোনের স্ক্রিনে থাকবে ইসলামী ওয়ালপেপার। অ্যাপটিতে আছে ইসলামী ওয়ালপেপারের এক সমৃদ্ধ কালেকশন। যেখান থেকে বেছে নেয়া যাবে পছন্দের ইসলামী ওয়ালপেপার। আবার ওয়ালপেপারগুলো পরিবর্তন করে সারা মাস ফোনে নতুনত্বের ছোঁয়া নিয়ে আসা যাবে।

রিং টোন

ফোনের স্ক্রিনে ইসলামী ওয়ালপেপার থাকবে আর রিং টোনে ইসলামী ছোঁয়া থাকবে না তাই কি হয়? তাই অ্যাপটিতে ইসলামী ওয়ালপেপারের পাশাপাশি পাওয়া যাবে ইসলামী রিং টোনেরও ভালো কালেকশন।

নোটিফিকেশন

অ্যাপে এতসব ফিচারের পাশাপাশি আছে নোটিফিকেশন পাওয়ার ব্যবস্থা।

ফিডব্যাক :

hossain.anower099@gmail.com